গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা ১০০০
গবেষণা শাখা
www.bcsadminacademy.gov.bd

নম্বর- ০৫.০২.০০০০.০১৯.০৭.০০২.২২- ৮৯

তারিখ: ০২ শ্রাবণ ১৪৩০ / ১৭ জুলাই ২০২৩

| | | |
|---|---|---|
| বিষয় | : | গবেষণা কমিটির ১৩তম সভার কার্যবিবরণী |
| সভাপতি | : | ড. মোঃ ওমর ফারুক<br>রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা-১০০০ |
| স্থান | : | বিসিএস প্রশাসন একাডেমির সম্মেলন কক্ষ |
| তারিখ ও সময় | : | ১০ জুলাই ২০২৩ সকাল ১১:০০ টা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট - ক |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। পরিচালক (গবেষণা ও প্রকাশনা) বিগত ১২ এপ্রিল ২০২৩ তারিখের সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১. বিসিএস প্রশাসন একাডেমির রাজস্ব খাতের অর্থায়নে ২০২১-২০২২ অর্থবছরে পরিচালিত ২টি গবেষণার চূড়ান্ত প্রতিবেদন সংশ্লিষ্ট গবেষকগণ জমা দিয়েছেন। জনাব ড. কে এম কামরুজ্জামান সেলিম, যুগ্ম সচিব, কৃষি মন্ত্রণালয় (প্রধান গবেষক) "Assessment of Socio-economic Improvement of the Beneficiaries Getting Home under Ashhryan-2 Project" শীর্ষক গবেষণার চূড়ান্ত প্রতিবেদন জমা দিয়েছেন।<br><br>গবেষণাটির জন্য ৮,০০,০০০.০০ (আট লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>ইতোমধ্যে ১ম কিস্তি বাবদ ২,৪০,০০০/-(দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা পরিশোধ করা হয়েছে। গবেষণার মেয়াদ কাল ছিল ১৮ মে ২০২২ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত এবং যথাসময়ে গবেষণা কার্যক্রমটি সমাপ্ত হয়েছে।<br><br>প্রধান গবেষক জনাব ড. কে এম কামরুজ্জামান সেলিম, ১ম কিস্তির অর্থ ব্যয়পূর্বক বিল-ভাউচার দাখিল করেছেন এবং ২য় কিস্তির অর্থ ছাড়ের জন্য আবেদন করেছেন। ইতোমধ্যে গবেষণা নীতিমালা ২০১৯ এর ২.১১ (ii) অনুযায়ী একাডেমির তদানিন্তন পরিচালক ড. আব্দুল আলীম খান মূল্যায়ন করে প্রতিবেদন দাখিল করেছেন এবং তিনি গবেষণা কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ২য় কিস্তির অর্থ ছাড় করা যায় মর্মে সুপারিশ করেছেন। | ০১. গবেষণা প্রতিবেদনটি বিস্তারিত পর্যালোচনা করা হয়। প্রাথমিকভাবে প্রতিবেদনটি অধিকতর পরিমার্জন করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়েছে।<br><br>এ পরিপ্রেক্ষিতে বিসিএস প্রশাসন একাডেমির গবেষণা নীতিমালা ২০২১ এর ২.১১ এবং ২.১২ (গ) অনুসারে গবেষণা প্রতিবেদনটি মূল্যায়নের জন্য একাডেমির গবেষণা কমিটির সম্মানিত সদস্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. ফেরদৌস আরফিনা ওসমান এবং বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের জনসংখ্যা স্টাডিজ বিভাগের রিসার্চ ফেলো ড. মো: আব্দুর রাজ্জাক সরকারের নিকট প্রেরণ করা হবে। আগামী ১৭ জুলাই ২০২৩ তারিখের মধ্যে উক্ত গবেষণা প্রতিবেদনটি পৃথক-পৃথকভাবে মূল্যায়ন করে মূল্যায়ন প্রতিবেদন আগামী ১৭ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে তাঁদের অনুরোধ করা হয়।<br>প্রাপ্ত মূল্যায়ন প্রতিবেদনের পর্যবেক্ষণসমূহ পরিচালক (গবেষণা ও প্রকাশনা) শাখা সমন্বিত করে সংশ্লিষ্ট গবেষককে অবহিত করবেন এবং সে অনুসারে গবেষক গবেষণা প্রতিবেদনের প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন করবেন। অতঃপর সংশোধিত ও পরিমার্জিত প্রতিবেদন পুনরায় গবেষণা কমিটিতে চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।<br><br>গবেষণা কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে এ বাবদ অবশিষ্ট অর্থ প্রদান / ছাড় করা হবে। | পরিচালক (গবেষণা প্রকাশনা) |

Mr. Rajib 20/07/23

-৫-

| | | |
|---|---|---|
| ০২. বিসিএস প্রশাসন একাডেমির রাজস্ব খাতের অর্থায়নে ২০২১-২০২২ অর্থবছরে পরিচালিত ২টি গবেষণার চূড়ান্ত প্রতিবেদন সংশ্লিষ্ট গবেষকগণ জমা দিয়েছেন। জনাব মো: নাইম হাসান খান, উপজেলা নির্বাহী অফিসার "Contemporary Demand for Rethinking SAT Act,1950: An Analysis from Field Experience" শীর্ষক গবেষণার চূড়ান্ত প্রতিবেদন জমা দিয়েছেন।<br>গবেষণাটির জন্য ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে এবং গবেষণা নীতিমালা অনুসারে ১ম কিস্তিতে ইতোমধ্যে ১ম কিস্তিতে ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পরিশোধ করা হয়েছে। গবেষণার মেয়াদ ছিল ১৮ মে ২০২২ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত এবং যথাসময়ে গবেষণা কার্যক্রম সমাপ্ত হয়েছে এবং গবেষণা প্রতিবেদন পাওয়া গেছে। গবেষক জনাব মো: নাইম হাসান খান, ১ম কিস্তির অর্থ ব্যয়পূর্বক বিল-ভাউচার দাখিল করেছেন এবং ২য় কিস্তির অর্থ ছাড়ের জন্য আবেদন করেছেন। | ০২. গবেষণা প্রতিবেদনটি বিস্তারিত পর্যালোচনা করা হয়। প্রাথমিকভাবে প্রতিবেদনটি অধিকতর পরিমার্জন, সংশোধন এবং পুনঃবিন্যস্ত করা আবশ্যক মর্মে প্রতীয়মান হয়েছে।<br><br>এ পরিপ্রেক্ষিতে বিসিএস প্রশাসন একাডেমির গবেষণা নীতিমালা ২০২১ এর ২.১১ এবং ২.১২ (গ) অনুসারে গবেষণা প্রতিবেদনটি মূল্যায়নের জন্য একাডেমির গবেষণা কমিটির সম্মানিত সদস্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. ফেরদৌস আরফিনা ওসমান এবং বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের জনসংখ্যা স্টাডিজ বিভাগের রিসার্চ ফেলো ড. মো: আব্দুর রাজ্জাক সরকারের নিকট প্রেরণ করা হবে। আগামী ১৭ জুলাই ২০২৩ তারিখের মধ্যে উক্ত গবেষণা প্রতিবেদনটি পৃথক-পৃথকভাবে মূল্যায়ন করে মূল্যায়ন প্রতিবেদন আগামী ১৭ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে তাঁদের অনুরোধ করা হয়।<br><br>প্রাপ্ত মূল্যায়ন প্রতিবেদনের পর্যবেক্ষণসমূহ পরিচালক (গবেষণা ও প্রকাশনা) শাখা সমন্বিত করে সংশ্লিষ্ট গবেষককে অবহিত করবেন এবং সে অনুসারে গবেষক গবেষণা প্রতিবেদনের প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন করবেন। সংশোধিত ও পরিমার্জিত প্রতিবেদন পুনরায় গবেষণা কমিটিতে চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।<br><br>গবেষণা কমিটির চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে অবশিষ্ট অর্থ প্রদান / ছাড় করা হবে। | পরিচালক (গবেষণা ও প্রকাশনা) |
| ০৩. প্রফেসর ডা. মো: আতিকুল হক, বায়ো-স্ট্যাটিসটিকস বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় "An Assessment of the Barriers in Access to Primary Healthcare Facilities in Rural Area of Bangladesh: An Exploratory Sequential Mixed-method Study" শিরোনামে গবেষণা করছেন। গবেষণার মেয়াদকাল ০৬ মার্চ ২০২৩ হতে ০৬ মার্চ ২০২৪। গবেষণার জন্য অর্থের পরিমাণ: ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা মাত্র। গবেষণা প্রস্তাবটি গৃহীত হয়েছে এবং ইনসেপশন রিপোর্ট পাওয়া গেছে। গবেষক ১ম কিস্তির অর্থ ছাড়ের জন্য আবেদন করেছেন।<br><br>সভাপতি গবেষণার গুণগতমান নিশ্চিত করার ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি যথাযথভাবে গবেষণা কার্যক্রমটি পরিচালনার জন্য একাডেমির গবেষণা নীতিমালার ২.১১ এর বিধান অনুসারে পরিবীক্ষক, মূল্যায়নকারী এবং তত্ত্বাবধায়ক নিয়োগ জরুরী মর্মে অভিমত ব্যক্ত করেন। | ০৩. চলমান "An Assessment of the Barriers in Access to Primary Healthcare Facilities in Rural Area of Bangladesh: An Exploratory Sequential Mixed-method Study" গবেষণাটির গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে একাডেমির গবেষণা নীতিমালার ২.১১ এর বিধান অনুসারে পরিবীক্ষক, মূল্যায়নকারী এবং তত্ত্বাবধায়ক হিসেবে গবেষণা কমিটির সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. ফেরদৌস আরফিনা ওসমান-কে নিযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। গবেষকগণ সংশ্লিষ্ট পরিবীক্ষক, মূল্যায়নকারী এবং তত্ত্বাবধায়কের নির্দেশনা ও পরামর্শক্রমে উক্ত গবেষণা পরিচালনা করবেন। পরিবীক্ষক, মূল্যায়নকারী এবং তত্ত্বাবধায়কের অনুমোদন সাপেক্ষে গবেষণা সংক্রান্ত বিষয়/প্রতিবেদন গবেষণা কমিটিতে উপস্থাপন করতে হবে। গবেষণা প্রস্তাব এবং মূল্যায়ন প্রতিবেদন গৃহীত হওয়ার পর ১ম কিস্তির অর্থ ছাড় করা যেতে পারে। | পরিচালক (গবেষণা ও প্রকাশনা) |

| | | |
|---|---|---|
| ০৪. জনাব ইশরাত জাহান, সিনিয়র সহকারি সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধান গবেষক হিসাবে "Measuring Public Service Delivery in Bangladesh: An Insight on Governance and Satisfaction of Union Digital Centre (UDC) services" শিরোনামে গবেষণা করছেন। গবেষণার মেয়াদকাল -০৬ মার্চ ২০২৩ হতে ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত গবেষণার জন্য অর্থের পরিমাণ: ৯,৯৮,০০০/-(নয় লক্ষ আটানব্বই হাজার) টাকা। গবেষণা প্রস্তাবটি গৃহীত হয়েছে এবং ইনসেপশন রিপোর্ট পাওয়া গেছে। প্রধান গবেষক ১ম কিস্তির অর্থ ছাড়ের জন্য আবেদন করেছেন। সভাপতি গবেষণার গুণগতমান নিশ্চিত লক্ষ্যে গবেষণা কার্যক্রমটি পরিচালনার জন্য একাডেমির গবেষণা নীতিমালার ২.১১ এর বিধান অনুসারে পরিবীক্ষক, মূল্যায়নকারী এবং তত্ত্বাবধায়ক নিয়োগ জরুরী মর্মে অভিমত ব্যক্ত করেন। | ০৪. "Measuring Public Service Delivery in Bangladesh: An Insight on Governance and Satisfaction of Union Digital Centre (UDC) services" শীর্ষক গবেষণাটির গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে একাডেমির গবেষণা নীতিমালার ২.১১ এর বিধান অনুসারে পরিবীক্ষক, মূল্যায়নকারী এবং তত্ত্বাবধায়ক হিসেবে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ড. মোল্লা মাহমুদ হাসান এবং ড. মো: আব্দুর রাজ্জাক সরকার, রিসার্চ ফেলো, জনসংখ্যা স্টাডিজ বিভাগ, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান দায়িত্ব পালন করবেন।<br><br>গবেষকগণ সংশ্লিষ্ট পরিবীক্ষক, মূল্যায়নকারী এবং তত্ত্বাবধায়কের নির্দেশনা ও পরামর্শক্রমে গবেষণা পরিচালনা করবেন। পরিবীক্ষক, মূল্যায়নকারী এবং তত্ত্বাবধায়কের অনুমোদন সাপেক্ষে গবেষণা সংক্রান্ত প্রতিবেদন গবেষণা কমিটিতে উপস্থাপন করবেন।<br><br>গবেষণা প্রস্তাব এবং মূল্যায়ন প্রতিবেদন গৃহীত হওয়ায় ১ম কিস্তির অর্থ ছাড় করা হবে। | পরিচালক (গবেষণা ও প্রকাশনা) |
| ০৫. গবেষণা প্রস্তাব যাচাই বাছাই উপ-কমিটি ২টি সভা করে আগামী ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ থেকে প্রাথমিকভাবে একটি সংক্ষিপ্ত তালিকা করেছে। যাচাই বাছাই পদ্ধতি ও পরবর্তী কার্যক্রম সম্পর্কে পরিচালক (গবেষণা ও প্রকাশনা) সভায় জানান যে, প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ যাচাই বাছাইয়ের জন্য ইতোমধ্যে কমিটি গঠন করা হয়েছে। | ০৫. আগামী ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য প্রাপ্ত গবেষণা প্রস্তাব যাচাই-বাছাই শেষে প্রস্তুতকৃত সংক্ষিপ্ত তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে। তাছাড়া গবেষণা কার্যক্রম শুরুর পূর্বেই গবেষণা কমিটি কর্তৃক নির্বাচিত গবেষণাসমূহের জন্য পরিবীক্ষক, মূল্যায়নকারী এবং তত্ত্বাবধায়ক নির্ধারণ করতে হবে। | গবেষণা কর্মকর্তা |
| ০৬.গবেষণা কর্মকর্তা সভায় উল্লেখ করেন যে, বিসিএস প্রশাসন একাডেমি গবেষণা নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ ২.১ অনুসারে গবেষণা কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে। গবেষণা কমিটির সদস্যগণ মানসম্মত গবেষণা পরিচালনার জন্য কমিটিতে একজন নতুন গবেষণা বিশেষজ্ঞকে গবেষণা কমিটিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা করেন। | ০৬. মানসম্মত গবেষণা পরিচালনার স্বার্থে ড. জাকির হোসেন, অধ্যাপক, ইন্সটিটিউট অব বাংলাদেশ স্টাডিজ (আইবিএস), রাজশাহী বিশ্ববিদ্যালয়-কে গবেষণা কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | গবেষণা কর্মকর্তা |
| ০৭. অতিরিক্ত সচিব, সংস্কার ও গবেষণা অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় সভায় উল্লেখ করেন যে, তিন মাস অন্তর-অন্তর গবেষণা কমিটি কর্তৃক চলমান গবেষণার অগ্রগতি পর্যবেক্ষণ করা যেতে পারে। | ০৭. তিন মাস অন্তর গবেষণা কমিটির নিয়মিত সভা আহ্বান করে চলমান গবেষণাগুলোর অগ্রগতি গুরুত্ব সহকারে পর্যালোচনা করতে হবে। | গবেষণা কর্মকর্তা |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৭/২০২৩

ড. মোঃ ওমর ফারুক
রেক্টর (সচিব)
বিসিএস প্রশাসন একাডেমি
ও
সভাপতি
গবেষণা কমিটি
ফোন: +৮৮ ০২ ৫৫১৬৫৯০১

স্মারক নম্বর- ০৫.০২.০০০০.০১৯.০৭.০০২.২২. ৮২/ ৩৭ তারিখ:- ০২ শ্রাবণ ১৪৩০ / ১৭ জুলাই ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২) অতিরিক্ত সচিব, সংস্কার ও গবেষণা অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩) ড. ফেরদৌস আরফিনা ওসমান, অধ্যাপক, লোকপ্রশাসন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
০৪) ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর, অধ্যাপক ও চেয়ারম্যান ,উন্নয়ন অধ্যয়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়,ঢাকা;
০৫) মেম্বার ডিরেক্টিং স্টাফ, (প্রশিক্ষণ ও প্রশাসন)/ (উন্নয়ন ও গবেষণা), বিসিএস প্রশাসন একাডেমি;
০৬) পরিচালক, প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/গবেষণা ও প্রকাশনা, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা;
০৭) উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা), বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা;
০৮) উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা;
০৯) ড. মো: আব্দুর রাজ্জাক সরকার, রিসার্চ ফেলো, জনসংখ্যা স্টাডিজ বিভাগ, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, শেরেবাংলানগর, ঢাকা;
১০) প্রোগ্রামার (সিনিয়র সহকারী সচিব), বিসিএস প্রশাসন একাডেমি শাহবাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
১১) গবেষণা কর্মকর্তা, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা-১০০০;
১৩) রেক্টরের (সচিব) একান্ত সচিব {রেক্টর (সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য};
১৪) অফিস কপি।

১৭/০৭/২০২৩

পরিচালক (গবেষণা ও প্রকাশনা)
বিসিএস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা